ঝিনাইদহে যুবদল নেতাকে কুপিয়ে জখম; প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল

ঝিনাইদহে যুবদল নেতা লিটন হোসেনকে কুপিয়ে হাতের কব্জি বিচ্ছিন্ন করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে ঝিনাইদহ জেলা যুবদল।

শুক্রবার সকালে জেলা যুবদলের পক্ষ থেকে এইচএসএস সড়কে বিএনপি’র কার্যালয়ের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি সদর থানা গেটের সামনে পৌছালে পুলিশ তাদের বাঁধা দেয়। পরে সেখানেই সংক্ষিপ্ত সমাবেশ করে দলটির নেতাকর্মীরা। সেসময় জেলা বিএনপি’র সভাপতি এ্যাড আব্দুল মজিদ, যুবদলের সভাপতি আহসান হাবিব রনক, সাধারন সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টুসহ অন্যানরা বক্তব্য দেন।

সমাবেশে বক্তারা, আগামী ৩ দিনের মধ্যে জড়িত সকলকে গ্রেফতারের দাবি জানান। এর সময়ের দোষীরা গ্রেফতার না হলে কঠোর কর্মসূচির হুশিয়ারী দেন তারা।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় সদর উপজেলার পাগলাকানাই ইউনিয়ন পরিষদের সামনে জেলা যুবদল নেতা লিটন হোসেনকে গুরুতর আহত করে দুর্বৃত্তরা। বর্তমানে সে ঢাকা পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এ ঘটনায় থানায় মামলা দেয়নি দলটি ও পরিবারের স্বজনরা। তবে জিজ্ঞাবাদের জন্য ২ জনকে আটক করেছে পুলিশ।